

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
নলডাংগা, নাটোর।

স্মারক নংঃ ৫১.০১.৬৯৫৫.০০০.৪২.০০১.১৯-

৬৯৫

তারিখঃ ০৩/৭/২০২০ খ্রিঃ

বিষয় : ২০২০-২১ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে/ বন্যাক্রান্ত/অন্যান্য দুর্যোগক্রান্ত/দুঃস্থ/ অতিদরিদ্র ব্যক্তি পরিবারকে ভিজিএফ খাদ্যশস্য বরাদ্দ ও উপকারভোগীদের তালিকা দাখিল।

সূত্র : জেলা প্রশাসক, নাটোর কার্যালয়ের স্মারক নং ৫১.০১.৬৯০০.০২১.২০.০০৯.২০- ১৮৫(৭), তাং ০৯/০৭/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা /২০২০ উপলক্ষে ভিজিএফ কর্মসূচির আওতায় এ উপজেলার জন্য বরাদ্দকৃত কার্ড ও খাদ্যশস্য নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী ইউনিয়নওয়ারী বিভাজন করা হলো।


ক্রমিক নং	ইউনিয়নের নাম	বরাদ্দকৃত কার্ড সংখ্যা	১০ কেজি হারে বরাদ্দকৃত চালের পরিমাণ (মেঃ টন)
১	২	৪	৫
০১	ব্রহ্মপুর	১০৪৭	১০.৪৭০
০২	মাধনগর	১০০৫	১০.০৫০
০৩	খাজুরা	৯৮৪	৯.৮৪০
০৪	পিপারুল	১৪৪১	১৪.৪১০
০৫	বিপ্রবেলঘরিয়া	১৫১৭	১৫.১৭০
	মোট	৫,৯৯৪	৫৯.৯৪০ মেঃ টন

- প্রতি কার্ডে পরিবার প্রতি ১০(দশ) কেজি হারে বিনামূল্যে চাল বিতরণ করতে হবে।
- আদমশুমারী ২০১১ এর জনসংখ্যা ওয়ার্ড ভিত্তিক বরাদ্দকৃত কার্ড সংখ্যা পুনঃ বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bds.gov.bd ওয়েবসাইটে লগইন করে তথ্য পাওয়া যাবে।
- মাননীয় জাতীয় সংসদ সদস্যকে অবহিত করে উপকারভোগীর নাম নির্বাচন এবং খাদ্যশস্য বিতরণ নিশ্চিত করতে হবে।
- দুঃস্থ/ অতি দরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/ অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।
- নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।
 - যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই।
 - যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
 - যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
 - যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
 - যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
 - যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই।
 - যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা।
 - যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
 - যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী।
 - যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
 - যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/ অর্থ সংকটে পড়েছে।
 - যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।

ক্রমশঃ পাতা-২

- ৭। ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।
- ৮। ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ কার্ড বরাদ্দ না পায়।
- ৯। পবিত্র ইদ-উল ফিতর এর পূর্বেই উপকারভোগীদের মধ্যে বিতরণ নিশ্চিত করে এ অফিসকে অবহিত করতে হবে।
- ১০। বরাদ্দকৃত চাল মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-২০১৩(সংশোধনী) অনুযায়ী মোট উপকারভোগীর মধ্যে ৭০% মহিলা নির্বাচন করতে হবে। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট ব্যক্তি দায়ভার বহন করবেন
- ১১। বরাদ্দকৃত কার্ডের বিপরীতে ইউনিয়ন ভিজিএফ কমিটির মাধ্যমে উপকারভোগীদের তালিকা প্রস্তুত করে ২(দুই) প্রস্থ তালিকা অনুমোদনের জন্য আগামী ১৫/৭/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। উপকারভোগীদের তালিকা উপজেলা কমিটিতে অনুমোদনের পরেই খাদ্যশস্য ছাড় করা হবে।
- ১৪। খাদ্যশস্য বিতরণ তারিখের পূর্বেই অত্র দপ্তর এবং ট্যাগ অফিসারকে অবহিত করতে হবে। ট্যাগ অফিসারের উপস্থিতিতে যথানিয়মে বিতরণ করতে হবে।

(
চেয়ারম্যান,
ব্রহ্মপুর/মাধনগর/খাজুরা/পিপরুল/বিপ্রবেলঘরিয়া ইউ,পি (সকল)


(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
নাটোর সদর, নাটোর।
১৫/৭/২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা, ৫৯ নাটোর-২।
- ২। জেলা প্রশাসক, নাটোর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাংগা, নাটোর।
- ৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, নাটোর।
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নলডাংগা, নাটোর।
- ৬। উপজেলা ----- অফিসার ও ট্যাগ অফিসার-----
----- ইউ,পি।
- ৭। সচিব, ব্রহ্মপুর/মাধনগর/খাজুরা/পিপরুল/বিপ্রবেলঘরিয়া, ইউনিয়ন পরিষদ, নলডাংগা, নাটোর।
- ৮। অফিস নথি।